

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
প্রশাসন-০১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ক যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সমন্বয়ে ২৫/০৯/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব কে এম আলী রেজা  
যুগ্মসচিব (উন্নয়ন-ক্রীড়া সংক্রান্ত প্রকল্প) ও সেবা প্রদান প্রতিশ্রুতি  
সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং পরিবীক্ষণ কমিটির  
সভাপতি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।  
তারিখ : ২৫ সেপ্টেম্বর ২০২২ খ্রি.  
সময় : সকাল ১০.০০ টা  
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।  
উপস্থিতি : পরিশিষ্ট ক।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সেবা গ্রহীতা যাতে নির্ধারিত সময়ের মধ্যে কাঙ্ক্ষিত সেবা সহজে পায় সে জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা প্রয়োজন। সে পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০২। অতঃপর বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:  
সিদ্ধান্তসমূহ:

- (ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের স্ব-স্ব সিটিজেন্স চার্টারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ফোন, মোবাইল, ই-মেইল নম্বরসহ সেবা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি অন্তর্ভুক্ত করে হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রত্যেক দপ্তর সংস্থার হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার স্ব-স্ব ওয়েবসাইটে নির্ধারিত বক্সে আপলোড করে Screen Shot সহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- (খ) মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে তাঁদের সিটিজেন্স চার্টার হালনাগাদ করে স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশপূর্বক আগামী ২৮/০৯/২০২২ খ্রি. তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে।
- (গ) মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী এ সংক্রান্ত সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করে নির্ধারিত সময়ের মধ্যে প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৩। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

২৫/০৯/২০২২

(কে এম আলী রেজা)

যুগ্মসচিব (উন্নয়ন-ক্রীড়া সংক্রান্ত)

ও

সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল  
পয়েন্ট কর্মকর্তা এবং পরিবীক্ষণ কমিটির

সভাপতি


যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০০২.২১২২৩২

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯  
২৫ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃ:আ: উপসচিব, সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা)
২. মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৫. মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা।
৬. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৭. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৮. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৯. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপসচিব (বাজেট ও এপিএ সংক্রান্ত ফোকাল পয়েন্ট), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(ওয়েবসাইটে প্রকাশ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।



(দীপ্তিময়ী জামান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-২২৩৩৫৫৫০৫

ই-মেইল: [sas.admin1@moysports.gov.bd](mailto:sas.admin1@moysports.gov.bd)